

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০১৭.১৭.১৪৬

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪২৫

১১ জুন ২০১৮

বিষয়: মানিকগঞ্জ জেলার সদর উপজেলায় অবস্থিত খাবাশপুর লাবণ্য প্রভা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মুহাম্মদ মিজানুর রহমান এর বেতন ভাতা স্থগিতসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ প্রসংগে।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ এর স্মারক নং: ০৫.৩০.৫৬০০.২০৪.২১.০০৮.১৮.৩১৭, তারিখ: ১৯ এপ্রিল ২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মানিকগঞ্জ জেলার সদর উপজেলায় অবস্থিত "খাবাশপুর লাবণ্যপ্রভা উচ্চ বিদ্যালয়" এর প্রধান শিক্ষক জনাব মুহাম্মদ মিজানুর রহমান এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের বিষয়ে জেলা প্রশাসক, মানিকগঞ্জ কর্তৃক তদন্ত করা হয়। তদন্ত প্রতিবেদনে নিম্নবর্ণিত বিষয়াদি প্রমাণিত হয় মর্মে উল্লেখ করা হয়:

- (ক) ১৭ মার্চ, ২০১৬ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম দিবস ও জাতীয় শিশু দিবসে নোটিশ দিয়ে স্কুল বন্ধ রাখা।
- (খ) স্কুল জাতীয়করণের নামে প্রত্যেক শিক্ষকের নিকট থেকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা গ্রহণ।
- (গ) ২০১৭ ও ২০১৮ সনে এস.এস.সি পরীক্ষার্থীদের নিকট হতে কোচিং ফি বাবদ ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা আদায় এবং ১৪ জন শিক্ষককে তিন হাজার টাকা হিসেবে মোট ৪২,০০০/- (বিয়াল্লিশ হাজার) টাকা প্রদান এবং অবশিষ্ট টাকার হিসাব না পাওয়া।
- (ঘ) ২০১৮ সনের এস.এস.সি পরীক্ষার্থীদের প্রত্যেকের নিকট হতে অতিরিক্ত ৭০০/- (সাত শত) টাকা হারে আদায়।
- (ঙ) ছাত্র/ছাত্রী বেতন আদায় হতে শিক্ষক কর্মচারীর বেতন ও অন্যান্য খাতে সরাসরি প্রদান করা হয়েছে যা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর ৪৫(৪) এর লঙ্ঘন।
- (চ) বিদ্যালয়ের সভা আহ্বানের ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর ৩৩(৩) অনুসরণ না করা।

বর্ণিত অবস্থায়, খাবাশপুর লাবণ্যপ্রভা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মুহাম্মদ মিজানুর রহমান এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ প্রমাণিত হওয়ায়, তার বেতন-ভাতার সরকারি অংশ (এমপিও) সাময়িক স্থগিতসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১১-৬-২০১৮

মোঃ কামরুল হাসান

উপসচিব

ফোন: ৯৫৪৫৭২০

ইমেইল: ds\_sec2@moedu.gov.bd


মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০১৭.১৭.১৪৬/১(৫)

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪২৫  
১১ জুন ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
- ২) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ৫) সভাপতি, ম্যানেজিং কমিটি, খাবাশপুর লাভণ্য প্রভা উচ্চ বিদ্যালয়, সদর, মানিকগঞ্জ।



১১-৬-২০১৮

মোঃ কামরুল হাসান

উপসচিব